ভোরের কাগজ ১৭৬
তারিখ ... 08 NOV 1998 ...
পৃষ্ঠা ...6... কলাম ...

প্রস্তুতি

# ফিরে এলো ইংরেজি, ভয় কী

দীর্ঘ ১০ বছর পরে স্নাতক পর্যায়ে ইংরেজিকে বাধ্যতামূলক বিষয়ে রূপান্তরিত করা হয়েছে। যার ফলে শিক্ষার্থীরা আতঙ্কগ্রস্ত। বর্তমানে, ইংরেজি বিষয়টি গ্রামারভিত্তিক বলে মুখস্ত বিদ্যায় এটাকে অতিক্রম করা কঠিন ব্যাপার। তবে একজন ছাত্র পূর্ণ ২ বছর পদ্ধতিগতভাবে ইংরেজি Grammar অনুসরণ করলে ভালো নম্বর পাওয়া তার জন্য দুরূহ ব্যাপার হবে না। পদ্ধতিগত ব্যাপারটি হলো- প্রথমে সিলেবাস সম্পর্কে ভালো ধারণা নিতে হবে। যেহেতু সিলেবাসের সকল বিষয়গুলো কঠিন নয় সেহেতু অধিকতর সহজ বিষয়গুলো আগে বাছাই করতে হবে। নিচে সে সম্পর্কে কিছু আলোচনা করা হলো।

W-H Question অতি সহজ একটি বিষয়। এটা হলো- Interogetive Sentence. Interogetive Sentence গঠন জানলে এটা থেকে পাঁচ নম্বর পাওয়া সম্ভব।

সিলেবাসের মধ্যে আরেকটি অন্যতম সহজ বিষয় হচ্ছে Function. এটি Communication English-এর একটি অংশ। এখান থেকে একটি করে Sentence মুখস্ত করলেই চলবে। যেমন :

I am sorry I could attand your meeting.

এই Function-এর ওপর ভিত্তি করে আমরা আরেকটি বৃহত্তর বিষয়ের ওপর দৃষ্টি দিতে পারি। তা হলো- Dialogue Writing-যা একটি নির্দিষ্ট Topic-এর ওপর ভিত্তি করে লিখতে হয়। উৎসাহী শিক্ষার্থী যদি খুব ভালো করে Spoken English রপ্ত করতে পারে তবে তার পক্ষে বিষয়টি খুব সহজ হবে।

Completing of Sentence Chapter এটিও সহজ পর্যায়ে পড়ে। একজন শিক্ষার্থী যদি বেশি করে phrese of idioms, Preposition, Article, Reletion, Pro noun ভালো করে শিখতে পারে তবে খালি জায়গা পূরণ করে Sentence সম্পূর্ণ করা কষ্টসাধ্য হবে না।

আরেকটি গুরুত্বপূর্ণ বিষয় হলো- Amplification বা ভাব সম্প্রসারণ। Amplification তুলনামূলকভাবে কঠিন। এটাকে সহজভাবে শিখতে হলে-

প্রথমত : এর অন্তর্নিহিত ভাব উদঘাটন করতে হবে এবং উপস্থাপন প্রাসঙ্গিক হতে হবে। দ্বিতীয়ত : ইহার পরিধি হতে হবে ১৫-২০ লাইনের মধ্যে এবং অপ্রাসঙ্গিক বিষয়গুলো বাদ দিতে হবে। তৃতীয়ত : Indirect Speech এবং 3rd Person ব্যবহার করতে হবে এবং Tence-এর ব্যবহার হবে

Amplification -এর ওপর ভিত্তি করে। পরীক্ষায় Paragraph লিখতে হয়। এ ব্যাপারে একজন শিক্ষার্থীকে পারদর্শী হতে হলে তাকে প্রতিদিন কিছু কিছু বিষয়ের ওপর ছোট ছোট Sentence লেখার অভ্যাস করতে হবে।

Comprehension-এর বেলায় প্রথমে Comprehensionটি খুব ভালোভাবে পড়ে এর অন্তর্নিহিত ভাব উদঘাটন করতে হবে এবং প্রশ্নগুলোকে ভালো করে পড়ে এর অর্থ বুঝে উত্তর দিতে হবে।

Letter-এর তুলনায় Application-এ বেশি নম্বর পাওয়া যায়। Letter ও Application কিছু নিয়মের ওপর ভিত্তি করে লিখতে হয়। পরীক্ষায় বেশি নম্বর পেতে হলে Letter ও Application ওপর জোর দিতে হবে। পরিশেষে বলা যায়, প্রকৃতপক্ষে একজন শিক্ষার্থীকে ইংরেজিতে আশানুরূপ ফল পেতে হলে ইংরেজি গ্রামার জানতে হবে। প্রতিদিন লেখা এবং পড়ার অভ্যাস থাকতে হবে। ফলে তার পক্ষে ইংরেজি বলা এবং লেখা সহজ হবে।

❑ হাসনা হেনা
প্রভাষক ইংরেজি বিভাগ
মোহাম্মদপুর মহিলা কলেজ, ঢাকা-১২০৭
সংগ্রহ : জাভেদ চৌধুরী

---

জেনে রাখুন

# উদ্ভিদ বিদ্যায় জ্ঞানার্জন

রয়েল বোটানিক গার্ডেন্স কিউ পৃথিবীর বিখ্যাত সব বোটানিক গার্ডেনের অন্যতম। এখানে রয়েছে ৩৩ হাজার বিভিন্ন প্রজাতির গাছপালা, ১০ লাখেরও অধিক সংরক্ষিত প্রজাতি, বীজ ব্যাংক ও ডিএনএ ব্যাংক। সেই সঙ্গে এর রয়েছে বিশাল কর্মকাণ্ড।

এইসব কর্মকাণ্ড বিভিন্ন ভাগে বিভক্ত। তেমনি একটি হলো Education Section. উদ্ভিদবিদ্যাবিষয়ক জ্ঞান সবার মধ্যে ছড়িয়ে দেওয়াই এই Section-এর লক্ষ্য। Education Section বিষয়ক বিভিন্ন কোর্স করিয়ে থাকে। HIGHER EDUCATION AND TRAINING-এর আওতায় এইসব Professional Training Course সংশ্লিষ্ট বিষয়ে পড়াশোনাকারীদের বিশেষ কাজে আসবে।

1. INTERNATIONAL DIPLOMA IN BOTANIC GARDEN MANAGEMENT.

বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন : IAN LEESE
PRINCIPAL, SCHOOL OF HORTICULTURE
ROYAL BOTANIC GARDENS, KEW, RICHMOND, SURREY TW9 3AB, UK
Email : I. Leese @ rbgkew.org.uk

2. INTERNATIONAL DIPLOMA COURSE IN HERBARIUM TECHNIQUES.

যোগাযোগ : MR. J.B. BLEWETT
COURSE MANAGER
ROYAL BOTANIC GARDENS, KEW, RICHMOND, SURREY TW9 3AB, UK
Email : B. Blewett@rbgkew.org.uk

3. INTERNATIONAL DIPLOMA IN BOTANIC GARDEN EDUCATION

যোগাযোগ : JULIA WILLISON
BOTANIC GARDEN CONSERVATION INTERNATIONAL
DESCANSO. HOUSE, 199 KEW ROAD, RICHMOND, SURREY, TW9 3BW UK
Email : bgci @ rbgkew .org.uk

4. INTERNATIONAL DIPLOMA IN PLANT CONSERVATION TECHNIQUES

যোগাযোগ : ANDREW JAMIESON
EDUCATION SECTION
ROYAL BOTANIC GARDENS, KEW
RICHMOND, SURREY TW9 3AB
UNITED KINGDOM.
Email : A. Jamieson @ rbgkew.org.uk

এছাড়াও আরো বিভিন্ন কোর্স সম্বন্ধে জানতে INTERNET-এর সাহায্য নিতে পারেন। ঠিকানা : INTERNET: <http://www.rbgkew.org.uk>

❑ সিমু নাসের